Jolly smiles- “Yes, after returning from school, I will get my daughter's opinion-how does she feel of being orphan and special by birth, as I told her the story last night, one princess loses a prince from her life as the prince gets to know that his would be wife is not from a Royal family by birth. She is also adopted by the king, her father.”

Jolly jumps down from the bed and makes breakfast in that earthen burner. Moli is sleeping.

Jolly now leaves for school. Locking the main door from outside, leaving Moli alone.

At 10 o'clock Moli wakes up-

“oh my God, mamma has left for school, it is too late, now how I can manage to ride my wheel chair? Every morning mamma drops me on the chair and I go to burner to make breakfast” She thinks.

The wooden wheel chair stands by the window, nearer to her cot. Initially she

feels helpless, she thinks- “why mamma did so, why didn’t she call me up?”

Now cool and calm Moli gets irritated-their small cottage is all silent now-Moli tries to move her lower part to reach the chair from the bed, but she fails. At last, some what frustrated, she finds her copy and pencil under her pillow. She wipes out her tears from eyes, takes the pencil and expresses her anger with rough scribbling and scratching on paper. As she used to do in her early childhood, but Jolly trained her so well to get matured enough about their situation.

Now Moli feels shame on herself now-“I have spoilt Mamma’s effort, as I was sleeping, Mamma did not call me and left the copy on the bed under pillow-for me.”

“Oh I forgot, I have to give my opinion about the story Mamma told me yesterday night. But how can I do that without brushing my teeth, that will be dirty and I am not habituated to this. But now, How can I reach my chair-I have to be cool enough to think about this problem” she thinks again.

Moli is trying hard to reach the chair and to go to brush her teeth. She moves her upper part stretches out the body .She is hungry also. Suddenly she finds that on the table, her breakfast is ready. The table is near the cot. She stretches her hand and takes the breakfast-“Now I have to eat, it is 11 o’clock now and reaching the chair is almost impossible”-she thinks.

Moli eats up bread and banana. This is the first time she is breaking the routine. Every day she used to rise early and has her breakfast.

But today is a very different day. Everything seems to be out of law today.

After satisfying her hunger, she realizes today something special will happen. She recollects her dream-the prince leaves the princess for her poor birth-the story mamma told her.

Moli now takes her copy and pencil, draws an image of a young man, and writes “papa” at the bottom of the page, it means she needs a father.

In the school-

Jolly today is somewhat unmindful. Her thought centers around Moli. She left Moli on the bed, how much she might be struggling to reach her chair, she had her breakfast or not, and after all, what will be her opinion about their life? Jolly attends the classes somehow, and is in a hurry to reach home .It is 1 p.m now .Tiffin time, but Jolly does not have a mobile phone to ring her daughter. On 4 p.m school will be closed, Jolly will return home by foot-it takes 15 minutes to reach her cottage from school.

Let's see what happens in the cottage then-

It is 2 pm now. There is pin drop silence in the cottage. Moli falls asleep after drawing some images in her copy. As she could not move, she was on the bed till then. Suddenly she sees herself on her wheel chair. She feels so happy, moves the wheel chair with her little hand and roams in her small 2 roomed cottage.

But Jolly did not come yet, then who moved her to the chair. Moli looks here and there she finds nobody .As she stops moving, someone pushes her from the back, she feels the sudden jerk.

-“Mamma are you there?” She screams with joy.

“No dear, your Mamma did not reach yet”-

Says a white dressed figure who now appears before Moli. Moli finds its face is covered with white clothes, it cannot be recognized whether it's a male or female one.

Moli-“who are you?” “Where is my Mamma?”

The figure-“your Mamma will reach you on the perfect time, don't worry.”

Moli-“but, why are you hiding your face, and please tell me, who are you?”

The figure-“I am the goodness within you, I am always white.”

Moli-“goodness of me, I cannot understand your words!”

The figure-“every creature has goodness within them, I am the holiness personified, that is your soul- pure born, special and sacred.”

Moli is overwhelmed-“My soul, is it you?”

The figure-“Yes dear, you drew a father figure in your copy; it is true that our society never allows a single mother live smoothly, especially with a child like you.”

Moli blankly looks at her soul, tears in her eyes-“But my mamma struggling hard to take care of me. We need a father, otherwise, when I will grow up my prince will leave me alone, because I don't have a father, I am an orphan.”-she says innocently.

The white soul now unveils her-self it is a woman resembling Moli's face. She smiles-“Look Moli, never depend on a person who leaves anybody because of his or her birth, a person should always be judged by her deeds.

If you get a prince in your life, it is nice but, if he loves you truly ,he will never

leave you for your birth, and your Mamma is such a strong person who is already leading a life of maidenhood, with you she is happy, don't pressurize her to get a father to you."

Moli-"if Mamma gets married....."

The figure-"No dear, she couldn't, because it is an oath taken by her to be a single person all through the life, create an example before society."

"God is always by your side, keep this purity within you and be happy, it is very natural to react for a father, but in your situation, nobody will come and help you-that is the reality."

The spirit now comes closer to Moli wipes off her tears with her white fingers.

Moli asks again-"Are you a ghost? Tell me the truth; I am not a child anymore."

The figure says again-"I am the holy spirit that resides within everybody."

I came to give you a lesson of life, I am your conscience, I am the purity people should try to explore".

Moli wakes up-actually she was having a dream, but this dream was like a reality.

In the mean time, Jolly enters the cottage; Moli is spellbound to have such a dream. Jolly rushes to Moli, hugs her-"my baby, I left you alone to have one day experience-because in later age, you will be all alone, living without me." Now sitting by the side of Jolly, Moli makes Images which expresses the story of her dream and her whole day experience. Jolly cannot control her tears.



PARENTS VIEWPOINT

Tamina Hyder



What after us? The question bothers every parent of special child. However most find no answer during this lifetime.

As time pass by parent age and become weaker. On the contrary the child grows into a man/ woman and becomes stronger. Tantrums and hyperactivity slow down with age. If not, pose bigger problem for the parent.

For the child, parents play the most important role, as in many cases the child has no speech and cannot locate pain in his/her body. The parents have to convey every problem the child face and relay to the world outside. Thus parents need to empower themselves with education and exposure.

A child under spectrum is happier when surrounded by well wishers and family members. Self-esteem of the child needs to be valued. Parents and caregivers playing and participating in educating the child should try develop skills to continue such activities or therapies at home. The child should be made to interact with such people who believe in his/her, and their abilities. The child needs to be heard, being understood, being inclusive, being addressed not emotionally but with true intelligence. Talk eye on eye, talk sense, talk truth and straight on topic.

Many different types of activities such as sports, gamesactivities, gardening will boost the child's confidence and self-actualization. Mother should also talk to the child and make them aware of changes the body undergoes due to adolescence. How one feels and changes when they grow up.

Parents, who continuously educate themselves, can contribute to self-advocacy by trying to end social stigma, form inclusive society of caregivers, exchange information within parents group, increase awareness of governmental benefits and supports. Parents also can raise money, start homes with proper facilities and caregivers. Western countries have launched employment programmes for high functional skilled adults. Mentoring, supporting, guiding and working side by side is there motto.



Life is unthinkable without any challenge

Sukomal Das

Life is unthinkable without any challenge. The concept of challenge isn't a homogeneous one; rather it's a totally heterogeneous kind. There are challenges in life which make individuals strong and strenuous. And there are some challenges which make individuals life very tough and struggling. According to my own understanding and experience, I have realized that the people, who belong to "Mentally Challenged" category, are the most suffering ones. Physically they have everything, but due to their mental incapability, they can't make meaningful and efficient use of all the limbs. People with good heart and compassion, have always been kind and caring to the mentally challenged people. The latest terminology to this category of "Mentally Challenged" is coined as "Intellectual Disability". The intellectual capacity defines one's quality, capability and compatibility. Due to mental disorder, people who are having intellectual disability can't go through timely cognitive development. They need to provide time, patience, compassion, great care to bring them in some light of mainstream life. They do not need sympathy; rather their problems are to be addressed with love, care, compassion and being dedicated to serve them better and better.

Needless to say that the picture of the whole thing has certainly improved, but it hasn't reached the desired limit of supporting people having intellectual disabilities. Lack of social awareness, lack of communication due to insufficient authentic channels, insufficient accumulation of funding and financing, lack of socialization etc are the key issues behind the case of lacking condition of the people who have intellectual disability. Constitutional Rights aren't well protected. Strong and efficient mechanism is required to give due values and protection of such kind of people. Health department must look into this matter with heart and compassion by avoiding merely duty role. They need to give training in order to deal with such people. We must not forget that the almighty God exists in everyone's heart temple, irrespective of intellectually capable or disable. Thanks PREMA for giving me the opportunity to share my views on the status of "Intellectual Disability". I will be highly obliged if my views can throw some new light in this context. Thanks to all the members of 'PRAMA'. I wish you great success.



Temple of Innocence

Farooque Hyder

Born to be free, but sanity in chain
 Not a drop of tear, even in pain
 No malice, arrogance or greed
 They are children of special need
 The cynical world scornful at times
 Unfettered, they imbibe a life sublime
 One day the world will wake up to learn
 Anomaly cannot be thrown into the born
 A temple of innocence reside in thy heart
 For them, the earth is a heaven's fallen part.

MINERALS

THAT ENSURES YOUR GROWTH

TALC
 CALCITE
 DOLOMITE
 BARYTES

CHINA CLAY
 BLANC FIXE
 CALCIUM CARBONATE
 HYDRATED LIME

WHITING
 MICA
 SILICA
 RED OXIDE
 MICACEOUS IRON OXIDE

GRAPHITE
 CARBON BLACK
 CALCIUM CHLORIDE
 ALUMINIUM STERATE
 CALCIUM STEARATE



Manufacturer, Stockist & Distributor
 Of Micronised Minerals
 Fillers / Extenders in Particle Sizes upto 2 Microns

Shiva International
Shiva Microns Private Limited
 21/2 Ballygunge Place, Kolkata – 700019, WB
T +91 33 2440 8758, **F** +91 33 2440 8977,
M +91 98306 06508
E info@shivagroup.co.in, **W** www.shivagroup.co.in

হ্যাঁ আমরাও পারি

বিজেশ ঘোষাল



প্রকৃতির শ্রেষ্ঠ জীব মানুষ। বৈচিত্র্যময় পৃথিবীর মতো মানবসমাজও বৈচিত্র্যময়। এই বৈচিত্র্যময় মানব সমাজে কোনো ব্যক্তির শরীরের কোনো অংশ যখন স্বাভাবিক কাজ করে না তখন তাকে আমরা প্রতিবন্ধী বলি, হতে পারে বাক, দৃষ্টি, বুদ্ধি, শারীরিক, মানসিক, শ্রবণ প্রতিবন্ধী।

এই প্রতিবন্ধীদের অনেক সময় সমাজের বোঝা ও করুণার দৃষ্টিতে দেখা হয়। কিন্তু এটা আমাদের ভ্রান্ত ও অমূলক ধারণা, উপযুক্ত প্রশিক্ষণ ও সামাজিক সমর্থন পেলে একজন প্রতিবন্ধী মানুষও সাফল্যের এমন উচ্চতার শিখরে পৌঁছে যেতে পারেন, যা অনেক পরিপূর্ণ সুস্থ মানুষের পক্ষেও সেই ঈর্ষনীয় সাফল্য লাভ সম্ভব নয়।

এইরকম কয়েকজন বিশ্ববিখ্যাত প্রতিবন্ধীদের সাফল্যের কাহিনীতে আলোকপাত করছি, যারা সমাজের কাছে দৃষ্টান্ত ও প্রেরণা হয়ে আছেন।

স্টিফেন হকিং :-

বিংশ ও একবিংশ শতাব্দীর অন্যতম সেরা বিজ্ঞানী, পদার্থবিদ, মহাবিশ্ববিদ হলেন স্টিফেন হকিং। জীবনের বেশিরভাগ সময় মোটর নিউরন বা Amyotrophic lateral Sclerosis (ALS) রোগে আক্রান্ত হয়ে কাটিয়েছেন, তীব্র নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে বাকশক্তি হারিয়েছেন। এরপরও তিনি পদার্থবিদ্যায় পি.এইচ.ডি করেন, এবং কৃষ্ণগহ্বর (Black Hole Theory) এর তত্ত্ব আবিষ্কার করে বিশ্বকে চমকে দেন। তিনি এই বিষয়ে “A Brief History of Time” -নামে গ্রন্থ প্রকাশ করেন, যা ২৩৭ সপ্তাহে ধরে সানডে টাইমসে বেস্ট সেলার থাকার কারণে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডে ঠাই পায়।

হেলেন কেলার :-

বাক - শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধী হয়েও জীবনের মহীয়ান করে তোলা এক জীবনযুদ্ধকার নাম হেলেন অ্যাডামাস কেলার। উনিশ মাস বয়সে জ্বরে আক্রান্ত হয়ে বধির ও দৃষ্টিহীন হয়ে যান। কিন্তু শিক্ষিকা অ্যানি সুলিভানের সহযোগিতায় কঠিন অধ্যাবসায় সর্বোচ্চ নম্বর পেয়ে স্নাতক ডিগ্রি পাস করে সবাইকে তাক লাগিয়ে দেন। এরপর তিনি লেখেন তাঁর আত্মজীবনীমূলক বই ‘The story of My Life’ যেখানে তাঁর জীবনের বিপর্যয়, লড়াই, অ্যানির থেকে শিক্ষা, তাঁর প্রতি শ্রদ্ধা-ভালবাসার জীবনচিত্র তুলে ধরেন অপূর্ব লেখনীতে এবং এই রচনার মধ্য দিয়ে ব্যাপক খ্যাতি অর্জন করেন। লোকের মুখে মুখে তাঁর নাম উচ্চারিত হয়।

লুইস ব্রেইল :-

লুইস ব্রেইল স্বাভাবিকভাবে জন্মগ্রহণ করলেও দুর্ঘটনাবশত বাবার জুতো সেলাইয়ের সময় চোখে আঘাত পেয়ে একটি চোখ নষ্ট হয়ে যায়, পরে সংক্রমণের মাধ্যমে অপর চোখটিও নষ্ট হয়ে সম্পূর্ণ দৃষ্টিহীন হয়ে যান। অন্ধ হওয়ার পর তিনি দৃষ্টিহীনদের পড়াশোনার সমস্যার গুরুত্ব উপলব্ধি করেন। তিনি দৃষ্টি-প্রতিবন্ধীদের সহায়তার জন্য ‘ব্রেইল পদ্ধতি’ আবিষ্কারের মাধ্যমে শিক্ষা জগতে এক বিপ্লব আনেন। এই পদ্ধতিতে ছটি বিন্দুকে সাজিয়ে অক্ষর ও সংখ্যা প্রকাশ করা হয়। অঙ্গুলী নির্দেশনা ও স্পর্শের মাধ্যমে বিশ্বের লাখো লাখো অন্ধ ব্যক্তিগণ শিক্ষিত হয়ে থাকেন। এই পদ্ধতিটি বিশ্বের সর্বত্র পরিচিতি পেয়েছে এবং সকল ভাষায় গ্রহণ করা হয়েছে।

ক্রিস্টি ব্রাউন :-

বিখ্যাত আইরিশ লেখক সেরিব্রাল পালসিতে আক্রান্ত হওয়ার পরও হাল ছাড়েননি, লিখে গেছেন। দু - হাত অসাড় থাকার কারণে পায়ে টাইপ করে বইয়ের ক্রিপ্ট লিখতেন। তাঁর আত্মজীবনী ‘মাই লেফট ফুট’ বিশ্বে সাড়া জাগানো প্রভাব ফেলেছে। শুধু লেখা নয়, পায়ের সাহায্যে ছবি এঁকেও বিশ্বে তাক লাগিয়ে দিয়েছেন।

জন ন্যাশ :-

মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম সেরা গাণিতিক হলেন জন ন্যাশ। তিনি স্কিজোফ্রেনিয়া রোগে আক্রান্ত হন। এই রোগ মস্তিকে প্রভাব ফেলে ও চিন্তাশক্তি হারিয়ে যায়। তা সত্ত্বেও তিনি গণিতে নতুন নতুন খোঁজ চালিয়ে যান। ১৯৯৪ সালে গেম থিওরির জন্য অর্থনীতিতে নোবেল পুরস্কার পান। ওই বছরই বক্ররেখার আংশিক ব্যবকলন সমীকরণ (nonlinear partial differential equation) আবিষ্কার করে গণিতের সর্বোচ্চ সম্মান ‘Abel Prize’ পান। তাঁর জীবন কেন্দ্র করে ‘A Beautiful Mind’ নামে চলচ্চিত্র তৈরি হয়, যেটি পুরস্কার লাভ করে।

জন মিল্টন :-

বিশ্বসাহিত্যের শ্রেষ্ঠ কবিদের একজন হলেন জন মিল্টন। মানুষ তাঁর জীবনের সব প্রতিবন্ধকতা কাটিয়ে কীভাবে অমর হতে পারেন, তার প্রমাণ তিনি, কারণ মিল্টন যখন তার কালজয়ী মহাকাব্য ‘প্যারাডাইস লস্ট’ রচনা করেন তখন তিনি ছিলেন অন্ধ। অনেকেই ইংরেজী সাহিত্যে শেক্সপিয়ারের পরেই জন মিল্টনকে স্থান দিয়েছেন।

ফ্রাঙ্কলিন রুজভেল্ট :-

ফ্রাঙ্কলিন ডিলেনা রুজভেল্ট আমেরিকার ইতিহাসের সবচেয়ে প্রিয় ও প্রভাবশালী প্রেসিডেন্ট ছিলেন। তিনিই যুক্তরাষ্ট্রের একমাত্র প্রেসিডেন্ট যিনি তিনবার এ দায়িত্ব পালন করেন। অথচ তিনি ছোটবেলায় মারাত্মক অ্যাজমা রোগে ভুগতেন, পরে পোলিও আক্রান্ত হয়ে তাঁর কোমরের নিচের অংশ চিরতরে অবশ হয়ে যায়। জর্জিয়ার ওয়াম স্প্রিং এ থাকাকালীন নিজের গাড়ির জন্য এমন একটি যন্ত্রের নকশা করেছিলেন যার মাধ্যমে পায়ের ব্যবহার ছাড়াই গাড়ি চালাতে পারেন। জাতিসংঘ (United Nation) সৃষ্টিতে তাঁর অবদান অনস্বীকার্য।

মারলা রুনিয়ান :-

‘মার্কিন ট্রাক অ্যান্ড ফিল্ড’ এ অন্যতম সেরা অ্যাথলেট। বিশ্ববিখ্যাত এই দৌড়বিদ নয় বছর বয়সেই ‘স্টাগার্টস’ রোগে আক্রান্ত হয়ে দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন। তারপরেও তিনি অলিম্পিকে অংশ নেন। তিনবার পাঁচ হাজার মিটার চ্যাম্পিয়ান হন। শারীরিক প্রতিবন্ধকতা তাকে ঘরে আটকাতে পারেনি।

মাসুদুর রহমান বৈদ্য :-

মাসুদুর রহমান বৈদ্য একজন প্রখ্যাত ভারতীয় সাঁতারু। দশ বছর বয়সে রেল দুর্ঘটনায় হাঁটুর নীচ থেকে তাঁর দুটি পা কাটা পড়ে। তবুও তিনি খেমে থাকেন নি। মনের জোরকে সম্বল করে মহারাষ্ট্রের পুনেতে আর্টিফিশিয়াল লিম্ব সেন্টার দ্বারা আয়োজিত সতেরোটি সাঁতার প্রতিযোগিতার মধ্যে ষোলোটিতে প্রথম হন। ১৯৯৭ খ্রিস্টাব্দে এশিয়ার প্রথম প্রতিবন্ধী হিসাবে তিনি ইংলিশ চ্যানেল অতিক্রম করেন। ২০০১-এ বিশ্বের প্রথম প্রতিবন্ধী সাঁতারু হিসেবে জিব্রাল্টর প্রণালী অতিক্রম করেন।

সুধা চন্দ্রন :-

সুধা চন্দ্রন একজন বিখ্যাত ক্লাসিকাল (ভারত নাট্যম) নৃত্যশিল্পী। মাত্র ষোলো বছর বয়সে দুর্ঘটনার তাঁর ডান পা কেটে বাদ দিতে হয়। একজন নৃত্যশিল্পীর পা-ই সব। তাই কোনো নৃত্যশিল্পীর পা কেটে বাদ দেওয়া এবং নাচের দুনিয়াকে

বিদায় জানানো প্রায় সমান কথা। কিন্তু সুখা চন্দ্রন থেমে থাকেন নি। প্রসথেকিঙ্ক বা নকল পা লাগিয়ে অভিশপ্ত জীবন থেকে নিজেকে মুক্ত করে আবার মধ্যে তাঁর শৈল্পিক পদচারণা প্রদর্শন করেন। নকল পা-তে ভর করেই দেশ ও বিদেশের নানা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। পেয়েছেন একাধিক জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার।

অরুণিমা সিনহা :-

অরুণিমা সিনহা ছিলেন জাতীয় স্তরের ভলিবল খেলোয়াড়। ২০১১ সালে চাকরির পরীক্ষা দিতে লক্ষ্ণৌ থেকে দিল্লী আসার সময় ট্রেনে ছিনতাইবাজদের মুখোমুখি হন। বাধা দেওয়ায় ওনাকে ট্রেন থেকে ফেলে দেওয়া হয়। এর ফলে হাঁটুর নীচ থেকে একটি পা বাদ দিতে হয়। তবুও থেমে থাকেন নি। পর্বতারোহণের প্রস্তুতি শুরু করেন। ২০১৪ সালের মধ্যে ছয়টি শিখর জয় করেন। যা হলো - মাউন্ট এভারেস্ট , মাউন্ট কিলিমাঞ্জারো, এলব্রুসা, মাউন্ট কশ্চিয়ঙ্কো, অ্যাকনকাগুয়া ও ওশেনিয়ার পৃথক জায়া। ২০১৯ সালে আন্টার্টিকার ভিনসন স্তূপ পর্বত জয় করেন। তিনি তাঁর সাহসিকতার জন্যে পদ্মশ্রী পুরস্কার পান।

আরও অনেক বিখ্যাত মানুষ আছেন, যারা তাঁদের প্রতিবন্ধকতা ও শত প্রতিকূলতাকে অতিক্রম করে নিজের আলোয় উজ্জ্বল করেছেন সমগ্র বিশ্বকে। শারীরিক প্রতিবন্ধকতা তাঁদের আটকে রাখতে পারেনি। তবে পরিবার, রাষ্ট্র ও সমাজের সহযোগিতা পেলে আরও অনেক ব্যতিক্রমী প্রতিভাধর্মীরা সাফল্যের চূড়ান্ত শিখরে পৌঁছতে পারতেন।

আমরা চিন্তন, মনন ও অনুভূতিতে যদি ব্যতিক্রমী শিশুদের সাথে একাত্ম হতে পারি তবে তারা সমাজের মূল স্রোতে এসে সম্মানের সহিত জীবন অতিবাহিত করতে পারবে এবং আরও অনেক বিখ্যাত ব্যতিক্রমধর্মী প্রতিভা পৃথিবীর ইতিহাসে ঠাই করে নিতে পারবে। আমাদের মনে রাখতে হবে এদের কথা।

“প্রতিবন্ধী কখনোই প্রতিভাবন্ধী নয়”।

বর্তমানে বিভিন্ন দেশ ব্যতিক্রমী শিশুদের জন্য বিভিন্ন আইন প্রণয়ন ও ব্যতিক্রমী শিক্ষা পদ্ধতি (Special Education) চালু করে সমাজের মূল স্রোতে নিয়ে আসার চেষ্টা করছে। সমাজের অনেক বিশিষ্ট ব্যক্তি ও স্বেচ্ছাসেবী সংস্থাও নীরবে নিভূতে ব্যতিক্রমী শিশুদের উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। যার মধ্যে পশ্চিমবঙ্গে “Saltlake Drishti Centre for Learning Disability” সংস্থাটি ব্যতিক্রমী শিশুদের জীবনে নতুন দিশার সংযোজন করেছে। ঈশ্বরের কাছে প্রার্থনা করি, এই সংস্থার প্রতিটি শিক্ষার্থী যেন দৃঢ়তার সাথে বলতে পারে -

“We shall overcome

We shall overcome

We shall overcome

Someday.....”

চলতি ট্রেনে ডাক্তারী

গল্পদাদু



অনেকদিন আগেকার কথা। সবে ডাক্তারী পাশ করেছি। নতুন ডাক্তাররা সিনেমা দেখতে গেলেও পকেটে একটা স্টেথোস্কোপ রাখে, আর এমনভাবে রাখে যেন একটুখানি অংশ পকেট থেকে উঁকি মারে বাইরের দিকে। আমিও রাখতাম, আর ওই ভাবেই রাখতাম।

সেটা ছিল গরমের সময় কোনো একটা শনিবার, এমনিতেই বনগাঁ লোকালে দারুণ ভিড় হয় তার ওপর শনিবারের দুটো-আড়াইটা। গাড়ি ছিল ঠাসা। গরমে সকলের কালঘাম ছুটে যাবার যোগাড়। একটা কোণে বসার একটু জায়গা পেয়েছিলাম, কিন্তু বসেও স্বস্তি নাই। কামরাতে পাখা ছিল না, চোরে নাকি সব খুলে নিয়ে গেছে। গাড়িটা ছাড়তে জানালা দিয়ে বাতাস আসতে একটু আরাম হলো।

গাড়ি যেই উল্টোডিক্সি ছেড়েছে হঠাৎ একটা হৈ চৈ কামরার ভেতর। আমার থেকে একটু তফাতে আধ-বুড়ো এক ভদ্রলোক দাঁড়িয়েছিলেন। তিনি মাথা ঘুরে হঠাৎ পড়ে গিয়েছেন, মানে পাশের লোকের ঘাড়ে পড়েছেন। ভিড়ের চাপে মেঝের ওপর পড়া সম্ভব ছিল না। কয়েকজন যাত্রী ভদ্রলোককে ধরাধরি করে শুইয়ে দিয়েছিলেন একটা বেঞ্চির একপাশ খালি করে। আমি উঁকি মেরে দেখতে পাচ্ছিলাম একজন তার জলের পাত্র থেকে হাতে জল ঢেলে বাপটা মারছেন বুড়োর মুখে।

আমি আর ডাক্তারী করার লোভ সামলাতে পারলাম না। কোনরকমে পাশ কাটিয়ে ভদ্রলোকের কাছে পৌঁছে গেলাম। পকেট থেকে স্টেথোটা বের করতেই চারিদিকে রব উঠলো – ‘এই যে ডাক্তারবাবু এসে গেছেন, সরে যাও, সরে যাও সব।’ মনে মনে বেশ গর্ব অনুভব করলাম। দেখলাম গুরুতর কিছু নয়। বললাম- ‘ভাববার মতো কিছু নয়, এফুনি ঠিক হয়ে যাবেন। জানলার দিকটা একটু ছাড়ুন তো, বাতাস আসতে দিন।’

বলতে না বলতেই বুড়ো উঠে বসলেন – ‘ঠিক বলেছেন, যা গরম, বুড়ো মানুষ তো মাথাটা হঠাৎ ঘুরে গেলো। অনুগ্রহ করে জানলার ধারে বসার একটু জায়গা করে দিলেই হবে। দাঁড়িয়ে-থাকা কয়েকজন ছোকরা অমনি চৌঁচিয়ে উঠলো – ‘না, না বসা নয়, একেবারে শুয়ে পড়ুন দাদু ; মাথাটা আবার ঘুরে যেতে কতক্ষণ?’ জানলার ধারে একটি বেঞ্চি থেকে চার-পাঁচ জনকে উঠে যেতে নোটিশ দিয়ে দিলো ঝটতি। যার জন্য এত ব্যবস্থা সেই বুড়ো কিন্তু বললেন ‘না, না, আমার শোবার দরকার নাই। জানলার ধারে একটু বসতে পেলেই হবে।’

ছোকরার দল ছাড়বার পাত্রই নয়। একজন বললো-‘ দাদু ! আর ওস্তাদি না-ই করলেন। জোর করে শুইয়ে দেওয়া হলো; আর আমাকে তার উল্টো দিকের বেঞ্চিতে বসিয়ে ছুকুম হলো আমি যেন মাঝে মাঝে ওঁকে দেখি, হঠাৎ আবার কিছু হয়ে না যায়।

আমি বললাম – ‘আর কিছু হবে না মশাই, উনি ভাল হয়ে গেছেন। যা হয়েছিলো সেটা একটা ক্ষণিক ব্যাপার। তা ছাড়া সামনেই বিরাটি স্টেশনে নামতে হবে আমাকে।’

ছোকরার দল হাঁ হাঁ করে উঠলো- সে হতে পারে না ডাক্তারবাবু, বনগাঁ অদি আপনাকে যেতেই হবে। হঠাৎ কিছু হয়ে পড়ে।’ বুড়ো যে বনগাঁ যাচ্ছেন সে খবর আগেই নেওয়া হয়ে গেছে।

বৃদ্ধ কিন্তু প্রতিবাদ করলেন - ‘না, না, সে কি কথা ? উনি কেন বনগাঁ যাবেন ? আমার কিচ্ছু হয়নি, বেশ ভাল আছি আমি।’

‘আপনি বুঝতে পারছেন না দাদু, দুম করে যদি হাটটা ফেল করে, তখন ?’ এক ছোকরা বললো।

‘তোমরা থামো তো বাপু। হাট আমার ফেল করলে করবে, আমি বুঝবো ‘খন।’

‘আহা! বেশ বললেন দাদু। হাট ফেল করার পর বুঝবার জন্যে আপনি তখন কোথা ? পগার পার। তখন সব দায় তো আমাদের ঘাড়েই পড়বে।’ ছোকরাটি আমার দিকে ফিরে বললো - ‘না, না, ডাক্তার বনগাঁর আগে নামা চলবে না।’

বুড়ো এবার হাল ছেড়ে দিলেন। আমি একবার শেষ চেষ্টা করলাম, ‘আমার জরুরী কাজ আছে যে। তা ছাড়া টিকিট ?’
সে আমরা দেখবো ‘খন।’

কী যে দেখবে ঈশ্বরই জানেন। মোট কথা ট্রেন বিরাটি ছাড়িয়ে গেলো, আমাকে নামতে দেওয়া হলো না।

শেষ পর্যন্ত অবশ্য বনগাঁ অন্দি যেতে হয়নি আমামকে। ছোকরার বারাসাতে নেমে যেতে পরের স্টেশনে নেমে পড়েছিলাম।
উল্টো দিকের ট্রেন ধরে ঘণ্টা দুয়েক বাদে বিরাটি পৌঁছাই।

সেদিন খুব শিক্ষা হয়ে গিয়েছিলো। তখন থেকে তেমন তেমন প্রয়োজন হলে অগ্র-পশ্চাৎ ভেবে নিই প্রথমেই।

প্রকাশিত : সন্দেশ, শ্রাবণ, ১৩৮৭।

পক্ষীরাজ, ডাক্তারের ডায়েরী’তে



With best compliments from:-

Celebrating 25th years of AROMATHERAPY from ASHOK BASOTIA

aroma shop™
AROMATHERAPY

Both Retail & Wholesale

Useful for
Spas, Beauty Parlours, Wellness Centres,
Skin & Hair Treatments, Hotels, Resorts,
Diffusers, Candles, Pot Pourie etc.

Pure & Natural

- ESSENTIAL OILS
- CARRIER OILS
- HERBAL EXTRACT
- AROMATIC CHEMICALS
- FRAGRANCES/FLAVORS
- DIFFUSERS
- CONTAINERS/BOTTLES
- CLAYS, HERBS, BUTTERS
- & MANY RAW MATERIALS
- SOAP BASE, CREAM BASE

We also conduct : AROMATHERAPY/COSMETOLOGY PROFESSIONAL COURSE

AROMATIC HERBALS PVT. LTD.
DC-III, Narayantala, Baguiati, Kolkata-700 059, Ph : 98310 10307, 79805 76674
Email : aromacontact@gmail.com | Visit our website : www.aromaticindia.com
www.aromacareherbal.com. www.aromatherapvacademy.com



ঠিকানা

ফারুখ হায়দার

তুমি যদি হতে এক বটবৃক্ষ
বয়স যদি হতো একশ বছর
শাখা প্রশাখার বিস্তীর্ণ অঞ্চলে
ঘন পাতায় ঘিরে থাকতো প্রহর।
ওপর পানে থাকতো বকের বাসা
দলে দলে নামতো সন্ধ্যা হলে
তার নিচেতে ধূসর চডুইগুলো
ঝাঁকে ঝাঁকে আসতো কী বলে
ময়না টিয়ে কাক কোকিলের ডাকে
ভোরের হাওয়া হৃদয় ভরে রাখে
তুমি হতে তাদের ঠিকানা
পাখির ভাষায়
যা মানুষ বোঝেনা।

With best compliments from:

VISION EYE FOUNDATION

Advanced Comprehensive Eye Care Centre

CD-182, Salt Lake (Near City Centre-I and Salt Lake Point School)

Visiting Hours: 10 AM – 1 PM (Mon/Wed/Sat/Sun)

For Appointment: 98301 79089, 96747 45506, 98300 59181

নিরুদ্দেশ সম্পর্কে ঘোষণা

অনীশ চট্টোপাধ্যায়



আলমারির কাচ চূর্ণ বিচূর্ণ।
 জানালার শিক গেছে বেঁকে।
 বিছানার চাদর এলোমেলো।
 বইগুলো ছড়িয়ে অগোছালো মেঝের 'পরে।
 টুলটা উল্টে বারান্দায়।
 বাটি, থালা, গেলাস কিছুই নেই মিটসেভের তাকে।
 বৃদ্ধ বাবার মুখে হাজার বছরের বিফনতা।
 মায়ের চোখে জল শান্ত দীঘির অতল গভীর।
 ছেলেটা ফুঁসছে এখনো, লাল শালু দেখা যাঁড়ের মতো।

ঘড়ির টিকটিক শব্দ
 বালতিতে জল টপটপ
 ঘুঘুর একঘেয়ে চিৎকার
 ঝড়ো অশান্তির পরে প্রশান্ত নীরবতা

বাবার মনে হলো, মরে না কেনো পাপটা?
 মা ভাবলো, মরণ কেনো হয় না আমার!
 ছেলেটা ফুঁসতে ফুঁসতে হাপিয়ে গিয়ে ভাবল,
 মাছের ঝোলে সত্যিই কি নুন কম ছিলো?

এত সব নাটক বা সংসার-জীবন পালা যখন মঞ্চস্থ
 হচ্ছে,
 কেউ জানেনা, সবার অলক্ষে কখন জানি
 তিন বছরের ছোট্টো ছেলেটা ঘর ছেড়েছে!

এবাড়িতে আর কোনোদিন অশান্তি হয় নি
 এবাড়িতে আর কোনোদিন সে ফেরেনি

“ভালোবাসি তোমায়”

অমিত দাশগুপ্ত



আঁধার পেরিয়ে কুয়াশায় ভেসে
 ভোর এসে ছুঁয়ে যায়।
 স্মৃতি সৈকতে দেখা
 শরীর জুড়ে থাকা
 হে সবুজ যুবতী
 ভালোবাসি তোমায়।
 জলীয় ভাষায় কথা বলে
 গভীর আকাশ,
 বলে - সবই বিস্মরণে যায়
 বছর - দিন - মাস।
 সময়ের চোরা স্রোতে
 মন যেন বলে চলে,
 তুমি প্রবাহিত ছিলে,
 তুমি প্রবাহিত ছিলে-
 স্বপ্ন মেদুর ছায়াময় নীলিমায়।
 হে সবুজ যুবতী, ভালোবাসি তোমায়।
 বালিয়ারি বৃত্ত ছিঁড়ে
 উজানে পাড়ি,
 জীবন ঘিরে ছন্দ গন্ধ
 রঙ বাহারী।
 তুমি পৃথিবীর উচ্ছ্বাস বহুল নদী
 খুঁজে নিলাম তোমার পারেই
 আমার বসতি।
 জলাঙ্গীর স্রোতে, মাতলার ঢেউয়ে
 শুধু তোমাকেই চাই, তোমাকেই চেয়ে।
 পারা ওঠা জীবন রেখায়
 হে সবুজ যুবতী
 ভালোবাসি তোমায়।



শুভ - দৃষ্টি
পার্থ সারথি শীল

তোমার মনে ভাবনা আসে
চিন্তাগুলো রূপ পেতে চায়,
আবার কারও সরল হৃদয়
স্বভাব-বশে হাতছানি পায়।
মনের জোরে জয়ী তুমি
আকাশপ্রমাণ স্বপ্ন দেখো,
সুন্দরতার তুলির টানে
ধরার বুকো তোমায় আঁকো।
কষ্ট করে 'দৃষ্টি' ভরে
তারাও আজ স্বপ্ন বোনে,
জলের মাঝে আলপনাটি
স্বপ্ন হারায় মনের কোণে।
ভালো মন্দ আমরা বুঝি
প্রতি ধাপে কল্পনা রয়,
খেয়াল-খুশি তারাও বোঝে
সংসারে সে পায় নাকো ভয়।
পাপ-পুণ্য বোঝার আগে
যাদের স্বপ্ন অঁথে জলে,
অঙ্গীকারে তাদের পাশে
কলম ধরে দাঁড়াবো বলে।
সহানুভূতি বা দয়ায় নয়
পরিবার বলে তাদের মানো,
প্রেম ও স্নেহের ছত্রছায়ায়
হাতে হাত রেখে সামনে আনো।
আমিতো পাশে, তুমিও এসো-
'দৃষ্টি' দেখায় নতুন আলো,
একইসাথে সবাই মোরা
সবারে শিখি বাসতে ভালো।



আমরাও বাঁচতে জানি
বিক্রম দত্ত

আমরাও বাঁচতে জানি
জন্মসূত্রে হয়তো কিছু বা অপ্রাপ্ত
পিতা মাতা স্বজনের হাসিতে নয়
অসহায় কান্নায় পৃথিবীর বুকো হয় আমাদের বরণ
বেড়ে ওঠা কখনও বা অবহেলায়
অথবা কখনও মানবিক প্রেমের ভালোবাসা আঁকড়ে
শারীরিক বিকলাঙ্গতার খামতি বর্ধিত অনুভূতিতে
ভালোবাসা আমরাও বুঝি সাধারণ থেকে অনেক বেশী
আমরাও হাসতে জানি
আমরাও বাঁচতে জানি
শুধু বাঁচবার জন্যে চাই কিছু মানবিক হাত
শেখাবে যারা সমাজের ভাল মন্দ পঙ্কিলতা
ভরিয়ে দেবে মন, ভালবাসায় দেবে বেঁচে থাকার স্বত্তা
সকল প্রতিকূলতা ভেঙ্গে দেবে সামনে এগিয়ে যাবার শিক্ষা
এমন কিছু মানব চাই ভালবেসে দেবে জীবনে বেঁচে থাকার
দীক্ষা
অঙ্কুরিত ফুলের পাঁপড়ি হয়তো কিছু ঝরা
তবুও আমরা ফুটবো পৃথিবীর বুকো হাসি নিয়ে
স্বপ্ন মোদের বড় হবার
করবো বিশ্ব জয়, যেমন পেরেছে সুখা চন্দন, যেমন পেরেছে
মাসুদ, পেরেছে অজস্র প্রতিবন্ধী
আমরা পারবো আত্মবিশ্বাস মনে
শুধু ভালোবাসা ও উত্সাহ চাই
কারণ অনুভূতি আমাদের প্রখর, কারণ আমরা বাঁচতে জানি

হীনমন্যতা কাম্য নহে

শৈলেন্দ্র কুমার মুখার্জি



জীবজগৎ পশুপাখী দৈত্যাদানব সকলেরই স্রষ্টা পরমপিতা ঈশ্বর। কিন্তু সৃষ্টিকর্তা সকলকে সমানভাবে তৈরী করেননি (All are not alike)। কেউ খঞ্জ, কেউ অন্ধ, কেউ মুক-বধির - কেন এই অসাম্যতা, বিভিন্নতা। এক ভক্ত শ্রীশ্রী ঠাকুর রামকৃষ্ণ দেবকে জিজ্ঞাসা করেছিলেন - ঠাকুর জগতের এই সৃষ্টিরহস্য কেন? উত্তরে পরমপুরুষ বলেছিলেন এটা ঈশ্বরের ইচ্ছা। সর্বভূতে ঈশ্বর বিরাজমান কিন্তু মানুষের মধ্যে ব্রহ্মের প্রভাব বেশী। প্রতিটি আত্মায় সুপ্ত দেবসত্তা বর্তমান (Each soul is potentially divine)। দেবতা ভূমা বা ব্রহ্ম হচ্ছে নিজেরই সত্তা এবং আনন্দের পূর্ণতম পরিণতি। আমাদের সকলেরই অন্তরের আকাঙ্ক্ষা ক্ষুদ্র থেকে বৃহৎ হতে নশ্বরতা ছেড়ে অবিনশ্বরতাকে পেতে, অন্ধকার হতে আমরা যেতে চাই আলোয়, চাই পূর্ণতা, চাই ভূমা, চাই চিরমুক্তি।

আমি দীনহীন, আমার শারীরিক অক্ষমতার কথা চিন্তা করা পাপ। সাধক রামপ্রসাদ বলেছেন “এমন মানবজমীন রইল পতিত আবাদ করলে ফলতো সোনা”, তাই মানবজীবন ধারণ করে নিজেকে নীচ ও দুর্বল মনে করা চলে না। আমরা দেখেছি এই বাংলায় অনেক ব্যক্তি শারীরিক অক্ষমতা সত্ত্বেও প্রতিষ্ঠিত। উদাহরণস্বরূপ বলা যায় কৃষ্ণ চন্দ্র দে অন্ধ ছিলেন কিন্তু সঙ্গীত জগতে তিনি অমর। শ্রীসাধন গুপ্ত অন্ধ ছিলেন তা সত্ত্বেও কলকাতা উচ্চ আদালতে অ্যাডভোকেট জেনারেলের পদ অলঙ্কৃত করেছিলেন। সন্তরণে ইংলিশ চ্যানেল পার করেছিলেন এক প্রতিবন্ধী। এছাড়া অধ্যাপক, ডাক্তার পদে অনেক প্রতিবন্ধী আছেন। স্টিফেন হকিং পদার্থবিদ্যার অধ্যাপক পদে জর্জরিত। তিনি বিজ্ঞান জগতে অসাধ্য সাধন করেছেন তাহা সকলেরই জানা আছে। প্রতিবন্ধতা হীনমন্যতার পরিচয় নয়। আর এক প্রতিবন্ধী সুরকার যুগনায়ক শ্রী রবীন্দ্র জৈনও অন্ধ ছিলেন।

দীনহীনদের সেবা একটা ধর্ম। স্বামীজী বলেছেন “জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর। শিবজ্ঞানে জীবসেবা পরমধর্ম”। দার্শনিক সক্রোটাস বলেছেন -To a good man whether alive or dead no evil can happen nor are the God indifferent to his wellbeing, একটা ভালো লোক জীবিত বা মৃত হোক দুঃস্থতা তাকে ক্ষতি করেনা, ঈশ্বরও তাঁর সৎ উদ্দেশ্যের প্রতি বিমুখ থাকেন না। স্বামীজী উত্তরে বলেছিলেন - মানুষ ও ভক্তের এত দুঃখ কেন? The scheme of the Universe is devilish; I could have created a better world - বিশ্বের নিয়ম দানবীয়, আমি সুন্দরতর বিশ্ব তৈরী করতে পারতাম।

উদার মস্তিষ্কের ব্যক্তিদের সহায়তা ও দাক্ষিণ্যে, স্বেচ্ছাসেবীদের প্রচেষ্টায় সমাজের অনুন্নত শ্রেণীর কাজে এগিয়ে আসলে ওরা নিজেদের হীনমন্যতা থেকে উত্তীর্ণ হতে সমর্থ হবে, হীনমন্যতা দূর হবে। যেভাবে একটা নদী তার সকল বাধা বিপত্তিকে অতিক্রম করে এগিয়ে চলে তেমনই প্রত্যেক ব্যক্তিকে আগত একাধিক বাধাকে জয় করে জীবনে সাফল্যের দিকে এগিয়ে যেতে হবে।

পরিশেষে একটি গীতার বাণী উল্লেখ করি - “মুকং করোতি বাচালম পঙ্গু লঙ্ঘয়তে গিরিম যৎ কৃপা তমহং বন্দে পরমানন্দ মাধবম”। অর্থাৎ বোবার মুখে কথা ফোটে, পঙ্গু পাহাড় লঙ্ঘন করে যদি পরামানন্দের কৃপা বর্ষণ হয়। আমরা সেই পরামানন্দ মাধবকে বন্দনা করি।

A Glimpse of Drishti's Activities



Disability Confidence Workshop - Jan 29, 2019 @The Senator Hotel



Drishti Annual Program



A MUSICAL EVENT BY SPECIAL CHILDREN ORGANISED BY MUSCAN

DRISHTI



ROJGAR MELA



Wheelchair Donation



VALENTINE DAY CELEBRATION AT FC GROUND ORGANISED BY SDCLD



WINTER CAMP 2019



INDEPENDENCE DAY



Annual Picnic 2018

DRISHTI





EXTRAORDINARY RAMP SHOW ORGANISED BY SDCLD



EXHIBITION TABLE AT ISI ORGANIZED BY NIEPID



ASPECTS OF EVERY INDIVIDUAL

Susmita Nag



OUR BASIC NEEDS

BASIC NEEDS TO LIVE LIFE TO SURVIVE EVERYDAY




**EVERY LIFE IS INCOMPLETE WITHOUT
ACCEPTANCE, PARTICIPATION AND LOVE**



**UNLESS COMMUNITY INCLUDES CHILDREN WITH SPECIAL NEEDS /
INDIVIDUALS WITH SPECIAL NEED LIVES WILL REMAIN
INCOMPLETE!!!**

TOGETHER WE CAN DO SO MUCH



CHILDREN WITH SPECIAL NEEDS /INDIVIDUALS WITH SPECIAL NEEDS HAVE SAME REQUIREMENTS!!! WE MUST REMEMBER THAT, LIVING REMAINS INCOMPLETE IF WE CANNOT SENSATISE COMMUNITY FOR QUALITY ACCEPTANCE AND BRING ABOUT AN INCREASE IN COMMUNITY PARTICIPATION OF SUCH INDIVIDUALS. WITHOUT COMMUNITY PARTICIPATION AND SUPPORT ITS DIFFICULT FOR THEM AND THEIR FAMILIES TO LIVE HAPPILY

With Best Wishes from :



BC-25, SALT LAKE CITY, KOLKATA – 700064

Ph: 033 40643464 | 7044669969

www.calcutta64.com


ISO 9001:2015 | ISO 22000:2005



Paintings by Upal Sengupta



DRISHTI



*Painting by
Sarvani Nag*



*ART by
Soven Paik*

Painting By Kuhoo Mitra



WITH BEST COMPLIMENTS FROM:

MARUTI STOCKFIN PVT. LTD

DRISHTI

With Best Compliments From :



Qausayn International

OVERSEAS MANPOWER CONSULTANT

Govt. License No. B-0689/KOL/PART/1000+/5/9090/2014

Approved by Ministry of External Affairs

**Plot-No. Sector –B Metropolitan Co-operative Housing Society
LTD. Canal South Road, P.O - Dhapa, P.S – Pargati Maidan
Kolkata – 700105, Ph : +91033-40068404. Fax – 91-03340068403**

**Email : qausayn@gmail.com,
Website : qausayninternational.com**

*With
Best Compliments
From :*



THE BIZTEL
All Rooms are Air Condition

4th floor, Ojas Mansion
Frazer Road, Patna-1

7903054149
8521983786